# খুলনা শিপইয়ার্ড লিমিটেড

## বাংলাদেশ নৌবাহিনী, খুলনা

বাবি- ২৯/৩৮৭/২৪-২৫ **দরপত্র বিজ্ঞপ্তি** ১৯ মার্চ ২০২৫

| | | |
|---|---|---|
| ০১। | টেন্ডারকারী প্রতিষ্ঠানের নাম | খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বিএন, খুলনা। |
| ০২। | কাজের বিবরণ এবং পরিমান | (জব নং-ননি ৭৮৬) ০১টি টাগবোটের মেইনডেক পর্যন্ত কনস্ট্রাকশন কাজ সাব-কন্ট্রাক্ট ভিত্তিতে কার্য সম্পাদন। |
| ০৩। | দরপত্র বিক্রয়ের তারিখ | ২০ মার্চ ২০২৫ হতে ০৭ এপ্রিল ২০২৫ (অফিস চলাকালীন সময় পর্যন্ত)। |
| ০৪। | দরপত্র জমার তারিখ | ০৮ এপ্রিল ২০২৫ (বেলা ১১.১৫ ঘটিকা পর্যন্ত)। |
| ০৫। | দরপত্র খোলার তারিখ ও সময় | ০৮ এপ্রিল ২০২৫ বেলা ১১.৩০ ঘটিকায় খুলনা শিপইয়ার্ডের এমপ্লয়িজ ক্লাবে। |
| ০৬। | দরপত্র প্রাপ্তির স্থান | ক) খুলনা শিপইয়ার্ড লিঃ এর হিসাব বিভাগ (ক্যাশ শাখা) হতে অফিস চলাকালীন সময়ে।<br>খ) নৌ-উপভান্ডার, খিলক্ষেত নামা পাড়া, খিলক্ষেত, ঢাকা হতে অফিস চলাকালীন সময়ে। |
| ০৭। | দরপত্র দাখিলের স্থান | খুলনা শিপইয়ার্ড লিঃ এর প্রধান গেটে রক্ষিত টেন্ডার বক্সে বন্ধ খামে জমা প্রদান করতে হবে অথবা On line এ (email: oiccoml.ksy@gmail.com) এ দরপত্র দাখিল করা যাবে। |
| ০৮। | টেন্ডার ডকুমেন্টের মূল্য | টাঃ ২,০০০/- (টাকা দুই হাজার মাত্র অফেরতযোগ)। |
| ০৯। | জামানতের পরিমান | উদ্ধৃত দরের ৩% হারে খুলনা শিপইয়ার্ড লিঃ এর অনুকূলে ডিডি /পে-অর্ডার আকারে (ফেরতযোগ্য) প্রদান করতে হবে । |
| ১০। | যোগাযোগের মাধ্যম | ফোন: ০২-৪৪১১০৯৮৭/ ৪৪১১৯৯০<br>মোবাইল: ০১৭২১-০০৮৬৪৫<br>ফ্যাক্স: ৮৮-০২-৪৭৭৭২০৪০৪<br>ইমেইল: oiccoml.ksy@gmail.com<br>ওয়েবসাইট: www.khulnashipyard.com |
| ১১। | বিশেষ নির্দেশাবলী | খুলনা শিপইয়ার্ড লিমিটেড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন /সকল দরপত্র গ্রহণ / বাতিল করার অধিকার সংরক্ষন করেন। |

ডিজিএম (সিএন্ডপি)

D:\NASIMA\1. TENDER 24-25\Press Tender-MS Plate- Shafiullah\Tender Notice -(MS Plate).doc

# খুলনা শিপইয়ার্ড লিমিটেড

বাংলাদেশ নৌ বাহিনী, খুলনা

ফোনঃ ০৪১-৭২০০০৩/৮১৩৯৭৫ ফ্যাক্সঃ ৮৮০-৪১-৭২০৪০৪, **Website: www. khulna shipyard.com**

**E-mail : Contact@khulna shipyard.com**


---

## দরপত্র

দরপত্র অনুসন্ধান নং-বাবি (এল)-২৯/৩৮৭/২৪-২৫ তারিখঃ ১৯ মার্চ ২০২৫

ডকুমেন্ট বিক্রয় মূল্য টাকা ২,০০০.০০ (দুই হাজার) মাত্র

মেসার্স-----------------------

------------------------------

------------------------------

মোবাইলঃ

ইমেইলঃ

**(জব নং-ননি ৭৮৬) ০১টি টাগবোটের মেইনডেক পর্যন্ত কনষ্ট্রাকশন কাজ সাব-কন্ট্রাক্ট ভিত্তিতে সম্পাদনের জন্য দরপত্র আহবান প্রসংঙ্গে।**

খুলনা শিপইয়ার্ড লিঃ বিএন, খুলনা সংযোজিত তালিকায় উল্লেখিত কাজের জন্য জন্য সীল মোহরযুক্ত খামে নিম্লোক্ত নিয়ম কানুন পালন সাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে ঃ

১। দরপত্র প্রাপ্তির স্থান এবং ক্রয়ের সময় ঃ

ক) খুলনা শিপইয়ার্ড লিঃ এর হিসাব বিভাগ (ক্যাশ শাখা) হতে অফিস চলাকালীন সময়ে।

খ) নৌ-উপভান্ডার, খিলক্ষেত নামা পাড়া, খিলক্ষেত, ঢাকা হতে অফিস চলাকালীন সময়ে।

গ) দরপত্র ক্রয়ের শেষ সময় ০৭ এপ্রিল ২০২৫, (অফিস চলামালীন সময় পর্যন্ত)।

২। দরপত্র জমা দেয়ার স্থান এবং দরপত্র দাখিল করার শেষ সময় ঃ

ক) খুলনা শিপইয়ার্ড লিঃ বিএন, খুলনা এর প্রধান ফটকে রক্ষিত টেন্ডার বক্সে নিজে অথবা প্রতিনিধি মারফত জমা করা যেতে পারে অথবা On line এ (email: oiccoml.ksy@gmail.com) এ দরপত্র দাখিল করা যাবে। তবে ই-মেইলে দরপত্র প্রদেনের ক্ষেত্রে অবশ্যই আর্নেষ্ট মানি (পে অর্ডার) এবং দরপত্র ক্রয়ের মানি রিসিপ্ট/ সমপরিমান টাকার পে অর্ডার এর স্ক্যান কপি তারিখ ০৮ এপ্রিল ২০২৫ বেলা ১১.১৫ ঘটিকার মধ্যে প্রেরণ করতে হবে এবং ২৪ ঘন্টার মধ্যে মূল কপি বাণিজ্যিক লোকাল শাখায় পৌছাতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গন্য হবে। এছাড়া দরপত্র ডাকযোগে দরপত্র খোলার পূর্বে প্রেরণ করা যেতে পারে। উল্লেখ্য, ই-মেইল যোগে দরপত্র প্রেরনের পর বেলা ১১.১৫ ঘটিকার মধ্যে কর্তৃপক্ষকে (মোবাইলঃ ০১৭১৬-৭০৩৪৭৭) ফোন করে নিশ্চিত করতে হবে।

খ) দরপত্র দাখিল করার শেষ সময় ০৮ এপ্রিল ২০২৫, বেলাঃ ১১.১৫ ঘটিকা।

৩। দরপত্র খোলার তারিখ এবং সময় ঃ

ক) ০৮ এপ্রিল ২০২৫ বেলাঃ ১১.৩০ ঘটিকা, উপস্থিত দরদাতাগণ অথবা তাদের মনোনিত প্রতিনিধিদের (যদি কেউ উপস্থিত থাকেন) সম্মুখে।

৪। দরপত্রের সিলিং এবং মার্কিং ঃ

ক) দরপত্র দাখিলের ক্ষেত্রে খামের উপরে টেন্ডার নম্বর, খোলার তারিখ এবং সময় উল্লেখ করতে হবে।

৫। জামানতের টাকা ঃ

ক) দরদাতাগণ দরপত্রের সাথে উদ্ধৃত মোট মূল্যের ৩% হারে আর্নেষ্ট মানি/ জামানতের টাকা এবং প্রযোজ্য ক্ষেত্রে দরপত্রের মূল্য ''খুলনা শিপইয়ার্ড লিঃ'' এর অনুকূলে তফশিলভূক্ত বাংলাদেশী যে কোন ব্যংকের পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে।

খ) জামানতের টাকা ব্যতীত যে কোন দরপত্র ননরেস্পসিভ হিসাবে গণ্য হবে এবং দরপত্র বাতিল বলে বিবেচিত হবে।

৬।　শর্তাবলীঃ

ক।　সংশ্লিষ্ট ঠিকাদারের BV (Bureau Veritas) ক্লাসের অধীনে টাগবোট বা সমুদ্রগামী জাহাজ নির্মাণকাজ পরিচালনার পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে। এ সংক্রান্ত প্রমানক দরপত্রের সাথে সরবরাহ করতে হবে।

খ।　নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সংখ্যক দক্ষ ওয়েল্ডার, ফিটার, গ্যাসকাটার ও গ্রাইন্ডার নিয়োজিত করতে হবে। সংশ্লিষ্ট ঠিকাদারের নিকট কমপক্ষে ১০ (দশ) জন BV (Bureau Veritas) ক্লাস সার্টিফাইড ওয়েল্ডার থাকতে হবে এবং তাদের সনদের ফটোকপি দরপত্রের সাথে সরবরাহ করতে হবে।

গ।　BV ক্লাসের গাইড লাইন অনুসারে কাজের মান নিশ্চিত করতে হবে। খুশিলির কোয়ালিটি কন্ট্রোল সেল এবং BV ক্লাসের সন্তোজনক ইন্সপেকশন করে অনুমোদন রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে মেইন ডেক পর্যন্ত হালের সকল কাজ সম্পন্ন করতে হবে।

ঘ।　কাজের অগ্রগতির ভিত্তিতে ধাপে ধাপে বিল পরিশোধ করা হবে। মেইন ডেক পর্যন্ত হাল নির্মাণে কাজের বিল টন হিসেবে পরিশোধের ধাপগুলো নিম্নরূপঃ

| ক্রঃ নং | কাজের ধাপ | বিলের পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | প্রতিটি ব্লক ফিটিং/ নির্মাণ সম্পন্ন করতঃ খুশিলির কোয়ালিটি কন্ট্রোল ও BV Class কর্তৃক ইন্সপেকশন ও ওয়েল্ডিং এর অনুমোদন গ্রহণ। | ২৫% | |
| ২. | প্রতিটি ব্লক সম্পূর্ণ ওয়েল্ডিং শেষে খুশিলির কোয়ালিটি কন্ট্রোল ও BV Class কর্তৃক ইন্সপেকশন ও অনুমোদন গ্রহণ। | ২৫% | |
| ৩. | ব্লক ইরেকশন, ট্যাংক টেস্ট ও NDT (RT, UT) সংশ্লিষ্ট সকল কাজ সম্পাদন। | ২৫% | |
| ৪. | হালের মেইন ডেক পর্যন্ত খুশিলির কোয়ালিটি কন্ট্রোল ও BV ক্লাসের সন্তোজনক ইন্সপেকশন শেষে অনুমোদন রিপোর্ট প্রাপ্তিতে। | ২৫% | |

ঙ।　খুলনা শিপইয়ার্ড কর্তৃক ইতিমধ্যে সম্পন্নকৃত কাজ ঠিকাদারের কার্যপরিধি থেকে বাদ যাবে। কাজ শুরুর পূর্বে ঠিকাদার এবং খুশিলির প্রতিনিধি কর্তৃক যৌথভাবে পরিদর্শনের মাধ্যমে খুশিলির সম্পন্নকৃত কাজের পরিমান নির্ধারন করা হবে।

চ।　টাগবোটের মেইনডেক পর্যন্ত নির্মাণ কাজ কার্যাদেশ প্রাপ্তির ৯০ (নব্বই) দিনের মধ্যে সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে ঠিকাদারের নিকট থেকে প্রতি দিন বিলম্বের জন্য টাকা ১,৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা হারে জরিমানা আদায় করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করিবার লক্ষ্যে ঠিকাদারের আবেদন সাপেক্ষে ঠিকাদারকে অফিস সময়ের পরে অতিরিক্ত সময় এবং প্রয়োজনে অফিস ছুটির দিনও কাজ করিবার অনুমতি দেওয়া যেতে পারে।

ছ।　ব্লক সমূহ নির্মাণের নিমিত্তে সকল জিগ তৈরী করা রয়েছে। তবে কাজের সুবিধার্থে প্রয়োজন অনুযায়ী পুনরায় জিগ পরিমার্জন/ পরিবর্ধন করে নিতে হবে।

জ।　সকল প্রকার কনজ্যুমেবল আইটেম (ইলেকট্রোড, গ্রাইন্ডিং ডিস্ক, কাটিং ডিস্ক, ফ্লাপডিস্ক, এলপি গ্যাস, অক্সিজেন গ্যাস ইত্যাদি) ঠিকাদার কর্তৃক সরবরাহ করতে হবে। উল্লেখ্য, ইলেকট্রোডসমূহ অবশ্যই BV Class দ্বারা অনুমোদিত হতে হবে।

ঝ।　ঠিকাদারকে অবশ্যই নিজস্ব প্রয়োজনীয় ওয়েল্ডিং মেশিন (ওয়েল্ডিং ক্যাবল এবং সার্ভিস কানেকশন ক্যাবল সহ) গ্রাইন্ডিং মেশিন, (সার্ভিস ক্যাবল সহ), হ্যান্ডশিল্ড (ব্লু গ্লাস ও সাদা গ্লাস), লতাবাতি (ক্যাবল ও হোল্ডার সহ), গ্যাস কাটিং টর্চ (হোজ পাইপ ও নজেল রেগুলেটর সহ কমপ্লিট), অটো গ্যাস কাটিং সেট (অপারেটর সহ), চিপিং হ্যামার, হ্যান্ড গ্লোবস, হাইড্রোলিক জ্যাক/মেকানিক্যাল জ্যাক, ষ্টীল ওয়্যার ব্রাশ ইত্যাদি মেইন গেটে এন্ট্রি করতঃ প্রয়োজনীয় ফিটিংস যন্ত্রপাতি সঙ্গে আনতে হবে।

ঞ।　ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত শ্রমিক এবং ম্যাটেরিয়ালের সেফটি সহ শ্রমিকদের নিরাপত্তা গিয়ার (PPE) ও সঠিক পোষাক পরিধান নিশ্চিত করতে হবে। শিপইয়ার্ডের ভিতরে কাজে নিয়োজিত থাকা কালীন সময়ে ঠিকাদারের শ্রমিকদেরকে শিপইয়ার্ডের আইন কানুন মেনে চলতে হবে।

ট।　খুশিলির নিরাপত্তা নীতিমালা অনুসরন করতে হবে এবং কাজ চলাকালিন সময়ে কোন দুর্ঘটনা ঘটলে তার দায়ভার ঠিকাদার বহন করবে।

ঠ।　ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত শ্রমিকদের দূর্ঘটনার দায়-দায়িত্ব ঠিকাদারকেই বহন করতে হবে।

ড।　ঠিকাদার কর্তৃক সাবকন্ট্রাক্ট কাজের সরবরাহকৃত জনবল যথাক্রমে ফিটার, গ্যাসকাটার, ওয়েল্ডার এবং গ্রাইন্ডার নিয়োগের পূর্বে তাদের গুনগত মান সংশ্লিষ্ট জবের প্রজেক্ট অফিসার/ জব সুপারভাইজিং কর্মকর্তা কর্তৃক কাজের কর্মদক্ষতা/ গুনগতমান প্রয়োজনীয় পরীক্ষা গ্রহন পূর্বক সার্টিফাই/স্বীকৃত হতে হবে।

ঢ। কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার কর্মদক্ষ জনবল সরবরাহ এবং গুনগতমানসম্পন্ন কাজ করতে ব্যর্থ হলে, কর্তৃপক্ষ কার্যাদেশ বাতিল করে টেন্ডারের ২য় সর্বনিম্নদরদাতাকে কাজ প্রদান করতে পারে এবং এক্ষেত্রে (অতিরিক্ত খরচ) ডিফারেন্ট অফ কষ্ট ১ম কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারের বিল/ জামানত হতে কর্তন করা যেতে পারে।

ণ। কাজ শেষে কাজের প্রকৃত পরিমান (যাচাই মূল্য) হিসাবে বিল পরিশোধ করা হবে। বাস্তবে সম্পাদিত কাজের পরিমান কম/বেশী হতে পারে। ঠিকাদারকে সম্পন্নকৃত কাজের বিপরীতে এবং নির্ধারিত একক দরের ভিত্তিতে মোট বিল পরিশোধ করা হবে।

ত। কার্যাদেশ প্রাপ্ত সাবকন্ট্রাক্টর অন্য কোন ২য় পক্ষকে (ঠিকাদারকে) কাজ প্রদান করতে পারবেনা। তবে ডেলিভারী সময় রক্ষার্থে সর্বনিম্ন দরে খুশিলি একাধিক ঠিকাদার নিয়োগ করতে পারেন।

থ। খুশিলি কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক নির্ধারিত স্থান / এলাকায় বিষয়োক্ত কাজটি সম্পাদনের নির্দেশ প্রদান করলে ঠিকাদার ঐ নির্ধারিত স্থানে তৈরী করতে বাধ্য থাকবে।

দ। সংশ্লিষ্ট কাজের জন্য যোগ্য প্রকৌশলী ও সুপারভাইজারের উপস্থিতি, ঠিকাদার কর্তৃক নিশ্চিত করতে হবে।

ধ। **ওয়ারেন্টি :** কাজটি কর্তৃপক্ষের নিকট হস্তান্তরের তারিখ হতে ০৬ (ছয়) মাসের মধ্যে ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজে কোন প্রকার ত্রুটি বিচ্যুতি দেখা দিলে ঠিকাদার তাহার নিজ খরচে উহা মেরামত করে দিবেন।

ন। **গ্যারান্টি:** মোট মূল্যের ৫% (পাঁচ শতাংশ) গ্যারান্টি হিসাবে ঠিকাদারের বিল থেকে কেটে রাখা হবে, যাহা ওয়ারেন্টির ০৬ (ছয়) মাস সময় সন্তোষজনক ভাবে অতিক্রান্ত হবার পর ফেরতযোগ্য।

প। **অপ্রাপ্ত বয়স্ক শ্রমিক নিয়োগ:** সরকারী আইন অনুযায়ী অপ্রাপ্ত বয়স্ক শ্রমিক কাজে নিয়োগ করা যাবে না।

ফ। **ঠিকাদারের নিজস্ব মালামাল:** ঠিকাদারের নিজস্ব কাজে ব্যবহৃত যন্ত্রপাতি, মালামাল শিপইয়ার্ডে মেইন গেটে এন্ট্রি করিয়া ভিতরে প্রবেশ করাতে হবে।

ব। **বিল পরিশোধ:** উল্লেখিত কাজ খুলনা শিপইয়ার্ডের ওআইসি প্লেটারশপের তত্বাবধান এবং নির্দেশ মোতাবেক সম্পন্ন করতে হবে। কাজ শেষে ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজের বিপরীতে ৩ (তিন) কপি বিল দাখিল করতে হবে। ওআইসি প্লেটারশপ, ডিজিএম (এসবি) এবং জিএম (প্রোডাকশন) এর প্রত্যায়ন সাপেক্ষে সরকারী নিয়ম অনুযায়ী বিল পরিশোধ করা হবে।

ভ। **ক্লিনিং কাজ:** প্রতিটা কম্পার্টমেন্টে কাজ করার পর যাবতীয় ময়লা, কাচড়া, স্ক্র্যাপ পরিস্কার করতঃ নির্দিষ্ট স্থানে জমা করতে হবে।

৭। বিলম্বিত দরপত্রঃ দরপত্র খোলার নির্ধারিত সময়ের পর কোন দরপত্র পাওয়া গেলে তাহা বিলম্বিত দরপত্র হিসাবে গণ্য হবে এবং উক্ত দরপত্র বাতিল করে বন্ধ অবস্থায় সংশ্লিষ্ট দরদাতার নিকট ফেরৎ দেওয়া হবে।

৮। দরপত্রের মেয়াদঃ দরপত্র আহবানকারী প্রতিষ্ঠানের বিবেচনার জন্য দরপত্রের মেয়াদ ৪০ (চল্লিশ) দিন পর্যন্ত কার্যকরী এবং বলবৎ থাকবে।

৯। পিজি/ সিকিউরিটি মানিঃ

ক) কার্যাদেশ প্রাপ্তির পূর্বে কৃতকার্য দরদাতাকে পিজি/ সিকিউরিটি মানি হিসাবে ৫% হারে কার্যাদেশে উল্লেখিত মালামালের মোট মূল্যের উপর পে-অডার্র/ ডিডি সরকার অনুমোদিত ব্যাংক হতে খুলনা শিপইয়ার্ড লিঃ এর অনুকূলে জমা দিতে হবে। পিজি পাওয়ার পর চুড়ান্ত কার্যাদেশ দেওয়া হবে।

খ) কৃতকার্য দরদাতা পিজি/ সিকিউরিটি মানি জমা দিতে ব্যর্থ হলে তাকে কার্যাদেশ/ চুক্তি দেওয়া হবে না এবং জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।

গ) চুক্তি/ কার্যাদেশে উল্লেখিত কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে ঠিকাদারের সিকিউরিটি মানি /পিজি বাজেয়াপ্ত করা হবে।

১০। দরপত্রের ব্যখ্যাঃ দরপত্রের মূল্য পরীক্ষা, নির্ণয় ও তুলনা করার সুবিধার্থে ক্রেতা দরদাতার নিকট উহার যে কোন ব্যাখ্যা চাইতে পারেন। তবে এরূপ ক্ষেত্রে ব্যাখ্যার অনুরোধ এবং জবাব উভয়ই লিখিতভাবে হতে হবে এবং দরপত্রে উদ্ধৃত মূল্যের অথবা দরপত্রের বিষয় বস্তুর কোন পরিবর্তন করার অনুরোধ গ্রাহ্য হবে না।

১১। দরপত্র আহবানকারী প্রতিষ্ঠানের দরপত্র গ্রহণ অথবা বাতিলের ক্ষমতাঃ কার্যাদেশ অর্পনের পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১২। বিল পরিশোধঃ আনুসাংগিক সমস্ত কাগজপত্র চালান সহ তিন কপি বিল দাখিল করা সাপেক্ষে ঠিকাদারকে খুশিলির বিধি অনুযায়ী বিল পরিশোধ করা হবে।

১৩। দরপত্রের মূল্যায়নঃ দরপত্রের শর্তাবলীর, কারিগরী বিনির্দেশ, কাজের নিয়মাবলী, মূল্য এবং টেন্ডার আহবানকারী প্রতিষ্ঠানের পক্ষে সুবিধাজনক কোন বিষয়ের ভিত্তিতে দরপত্রের মূল্যায়ন করা হবে।

১৪। কার্যাদেশ/ চুক্তি অর্পনঃ

ক) টেন্ডার আহবানকারী প্রতিষ্ঠান কর্তৃক সেইরুপ কৃতকার্য দরদাতার উপর কার্যাদেশ অর্পন করবেন যার দরপত্র প্রকৃতভাবে গ্রহণযোগ্য এবং সর্বনিম্ন দরদাতা হিসাবে বিবেচিত হয়েছেন।

খ) টেন্ডার আহবানকারী প্রতিষ্ঠান কর্তৃক পৃথক পৃথক কাজের উপর সর্বনিম্ন গৃহীত দরের ভিত্তিতে যে কোন দরদাতার উপর কার্যাদেশ অর্পন করার ক্ষমতা সংরক্ষণ করেন। এ ব্যবস্থা যদি কোন দরদাতা প্রত্যাখান করেন তা হলে তার জামানতের টাকা বাজেয়াপ্ত করণ অথবা তার বিরুদ্ধে যে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

১৫। কর এবং লেভি ঃ সংশ্লিষ্ট কাজের উপর সরকার কর্তৃক ধার্যকৃত অথবা কোন এজেন্সির প্রাপ্য সমস্ত প্রকার কর কার্যমূল্যের সাথে সংযোজিত বলিয়া বিবেচিত হবে।

১৬। দরপত্র দাখিলের পর ইহা বুঝাবে যে, দরপত্রে উল্লেখিত সমস্ত শর্তাবলী দরদাতা কর্তৃক গৃহীত বা স্বীকৃত হয়েছে যদি না দরদাতা তার বিপরীতে কোন স্পষ্ট বক্তব্য রাখেন।

১৭। দরপত্র বাতিলের কারন ঃ

ক) যদি টেন্ডার সিডিউলে দরদাতার যথাযথ সীল ও স্বাক্ষরসহ দরপত্র সংযুক্ত না থাকে।

খ) যদি টেন্ডার সিডউল ক্রয়ের প্রমান হিসাবে মানি রিসিপ্ট দরপত্রের সাথে সংযুক্ত না থাকলে।

গ) যদি আর্নেষ্ট মানি টাকা যথাযথ নিয়মে এবং যথাযথ পরিমানে দরপত্রের সাথে সংযুক্ত না থাকে।

ঘ) যদি ব্যাংক গ্যারান্টি মারফত প্রদত্ত জামানতের টাকার পরিমান ও সময় দরপত্র অনুসন্ধানের প্রয়োজন মোতাবেক না হয়।

ঙ) দরপত্র খোলার পর যদি দরদাতা দরপত্রে বর্ণিত মূল্য, বিনির্দেশ অথবা অন্য কোন শর্তাবলীর সংযোজন বা পরিবর্তন করেন।

১৮। দরপত্রের সাথে প্রয়োজনীয় ডকুমেন্টঃ

ক) টেন্ডার সিডউল ক্রয়ের প্রমান হিসাবে মানি রিসিপ্ট দরপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

খ) দরপত্রের সাথে হাল সনের ট্রেড লাইসেন্স, টিআইএন সার্টিফিকেট এবং ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

আপনাদের বিশ্বস্ত

এম এম খায়রুল আলম
উর্ধ্বতন বাণিজ্যিক কর্মকর্তা
পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর

সংলগ্নিঃ
ক্রোড়পত্র---------------- পাতা।

আমি/ আমরা অত্র প্রতিষ্ঠানের সকল প্রকার নিয়মনীতি মেনে ব্যবসা কর্য পরিচালনা করতে বাধ্য থাকব।

প্রতিষ্ঠানের সীল /মোহরঃ

স্বাত্ত্বাধীকারীর স্বাক্ষর ও তারিখ

**টেন্ডার কমিটির স্বাক্ষর**

| বাণিজ্যিক শাখা | হিসাবরক্ষন বিভাগ | ব্যবহারকারী |
|---|---|---|

# খুলনা শিপইয়ার্ড লিমিটেড

বাংলাদেশ নৌ বাহিনী, খুলনা

ফোনঃ ০৪১-৭২০০০৩/৮১৩৯৭৫ ফ্যাক্সঃ ৮৮০-৪১-৭২০৪০৪, **Website: www. khulna shipyard.com**

**E-mail : Contact@khulna shipyard.com**


## টেন্ডার সিডিউল

টেন্ডার নং বাবি- ২৯/৩৮৭/২৪-২৫

তারিখঃ- ১৯/০৩/২০২৫
খোলার তারিখঃ-০৮/০৪/২০২৫
বেলাঃ ১১-৩০ ঘটিকা

| ক্রঃ নংঃ | কাজের বিবরন | পরিমান | একক দর (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ক) | **০১টি টাগবোটের মেইন ডেক পর্যন্ত BV সার্ভেয়ার কর্তৃক ইন্সপেকশন ও অনুমোদন সাপেক্ষে হাল সম্পন্ন করা।**<br>১। ফিটিং, ওয়েল্ডিং ও গ্রাইন্ডিং করতঃ ব্লকসমূহ তৈরী করে মেইন ডেক পর্যন্ত ব্লক ইরেকশনের কাজ সম্পন্ন করা।<br>২। নির্মাণ কাজের প্রতিটি ধাপে খুশিলি QC ও BV Class কর্তৃক ইন্সেপেকশন ও অনুমোদনের যাবতীয় কাজ সম্পন্ন করা।<br>৩। ট্যাংক টেস্ট, NDT(RT, UT) সংশ্লিষ্ট সকল কাজ সম্পন্ন করে লঞ্চিং এর জন্য প্রস্তুত করা। | ২৭১ টন (আনুমানিক) | প্রতি টন টাঃ | টাঃ |
| খ) | খুশিলি QC ও খুশিলি কর্তৃক নিয়োগকৃত BV Class এর মাধ্যমে গুনগতমান নিশ্চিত করতে হবে। | | | |
| গ) | নির্মিতব্য টাগবোটের বিবরণঃ<br>দৈর্ঘ্য : ৩৭.৭০ মিটার<br>প্রস্থ : ১১.০০ মিটার<br>উচ্চতা : ৬.১০ মিটার<br>ওজন : ২৭১ টন (আনুমানিক)<br>মোট ব্লক : ২৩টি<br>মেইন ডেক পর্যন্ত মোট ব্লক : ২০টি | | | |
| | (সংযুক্ত ড্রইং মোতাবেক কার্য সম্পাদন করতে হবে) | | মোট মূল্য টাঃ = | টাঃ |

১) সর্বমোট টাকা : .......................................................................
২) সর্বমোট টাকা (কথায়) : .......................................................................
৩) মন্তব্য (যদি থাকে) : .......................................................................
.......................................................................................................................
৪) বর্তমান ঠিকানা : .......................................................................
.......................................................................................................................
.......................................................................................................................
৫) ই-মেইল : ..........................................................
৬) মোবাইল নম্বর : ..........................................................
৭) সিল ও স্বাক্ষর : ..........................................................

৮) দরপত্রের সাথে নিম্নে বর্ণিত নথিপত্র জমা প্রদান করতে হবে।

- ক) ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি ☐
- খ) টিআইএন এর সত্যায়িত ফটোকপি ☐
- গ) ভ্যাট রেজিঃ এর সত্যায়িত ফটোকপি ☐
- ঘ) সম্মতি বিবৃতি ☐
- ঙ) অভিজ্ঞতার সার্টিফিকেট ☐
- চ) অন্যান্ন (যদি থাকে) ☐

**টেন্ডার কমিটির স্বাক্ষর**

বাণিজ্যিক শাখা | হিসাবরক্ষন বিভাগ | ব্যবহারকারী